দৈনিক ইত্তেফাক

JAN. 31 2001

তারিখ ............

পৃষ্ঠা ...... কলাম ......

# বৈধভাবে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকগণ এমপিওভুক্ত হইবেন

**ইত্তেফাক রিপোর্ট** ॥ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বৈধভাবে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষক- শিক্ষিকাগণকে এমপিওভুক্ত করা হইবে। গতকাল মঙ্গলবার শিক্ষা সচিব ডঃ সাদত হুসাইনের সহিত শিক্ষক সমিতি (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## বৈধভাবে নিয়োগপ্রাপ্ত

(১ম পৃঃ পর)

ফেডারেশনের এক যৌথ সভায় এই ব্যাপারে নূতন সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছে। সভার উদ্ধৃতি দিয়া শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে জানাইয়াছে, 'বেসরকারী স্কুল-কলেজ-মাদ্রাসার শিক্ষকদের গত বছরের জুলাই হইতে বকেয়াসহ ১০% বর্ধিত বেতন প্রদান সংক্রান্ত সরকারী প্রজ্ঞাপন শীঘ্রই জারি করা হইবে। ইহাছাড়া ২৪শে আগষ্ট ২০০০ পর্যন্ত বিধি মোতাবেক নিয়োগকৃত শিক্ষকদের (তৃতীয় বিভাগসহ) এমপিও ভুক্তির প্রক্রিয়াও উর্ধ্বতন কর্তৃপক্ষের সহিত আলোচনাক্রমে শীঘ্রই শুরু করা হইবে। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) নূরুজ্জামান মিয়া, যুগ্ম সচিব মোঃ সাখাওয়াৎ হোসেন ফেডারেশনের পক্ষে সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, শিক্ষক সমিতির সভাপতি মোঃ আজিজুল ইসলাম, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম প্রমুখ সভায় উপস্থিত ছিলেন।